

💵 প্রশ্নোত্তরে হজ্জ ও উমরা

বিভাগ/অধ্যায়ঃ কংকর নিক্ষেপ رَمْيُ الْجِمَارِ রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৪৫- কংকর নিক্ষেপের শর্ত কয়টি ও কি কি?

শর্তগুলো নিম্নরূপঃ

- (১) জামারার খুঁটিকে লক্ষ্য করে কংকর ছুঁড়ে মারতে হবে। অন্যদিকে টার্গেট করে মারলে খুঁটিতে লাগলেও শুদ্ধ হবে না।
- (২) ঢিলটি জোরে নিক্ষেপ করতে হবে। সাধারণভাবে কংকরটি সেখানে শুধু ছুয়ায়ে দিলে হবে না।
- (৩) কংকরটি পাথর হতে হবে। মাটি বা ইটের টুকরা দিয়ে হবে না।
- (৪) কংকরটি হাত দিয়ে নিক্ষেপ করতে হবে। ছেলে-মেয়েদের খেলনা, গুলাল, তীর বা পা দিয়ে লাথি মেরে নিক্ষেপ করলে হবে না।
- (৫) সাতটি পাথর হাতের মুঠোয় ভরে একেবারে নয় বরং একটি একটি কংকর হাতে নিয়ে নিক্ষেপ করতে হবে।
- (৬) ব্যবহৃত কংকর পুনরায় ব্যবহার করা যাবে না।
- (৭) ওয়াক্ত হলে কংকর নিক্ষেপ করা। এর আগে পরে নয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2693

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন